রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
ফোন: ০৪৩১-৬২২৪৪, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪৪৬৩ তারিখ: ২৯ পৌষ ১৪৩১ / ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে 'A', 'B' ও 'C' ইউনিটের অধীন বিভাগসমূহে ভর্তিচ্ছুক (যারা বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চয়েস ফরম পূরণ করেছে) নিম্নলিখিত মেধাক্রম সীমার শিক্ষার্থীদের মধ্যে যারা এখন পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয়ে কোনো বিষয় বরাদ্দ পাননি তাদেরকে আগামী ১৫/০১/২০২৫ তারিখ সকাল ৮:০০ টা থেকে দুপুর ১২:০০ টার মধ্যে সশরীরে উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের মাধ্যমে আসন খালি থাকা সাপেক্ষে বিষয় বরাদ্দ প্রাপ্তির মাধ্যমে উক্ত দিনেই (১৫/০১/২০২৫) ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হচ্ছে। **উল্লেখ্য যে, উক্ত তারিখে (১৫/০১/২০২৫) সকাল ১১:০০ টার মধ্যে ভর্তিচ্ছু যে সকল শিক্ষার্থী সাক্ষাৎকার বোর্ডে তাদের উপস্থিতি নিশ্চিত করবে শুধুমাত্র তারাই এ প্রক্রিয়ায় ভর্তির জন্য বিবেচিত হবে।**

ইউনিট	মেধাক্রমের সীমা
'A'	01 থেকে 21794 পর্যন্ত
'B'	01 থেকে 6200 পর্যন্ত
'C'	01 থেকে 6059 পর্যন্ত

সাক্ষাৎকারের জন্য যে সকল কাগজ-পত্র সঙ্গে আনতে হবে:

১। GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সংবলিত **মূল প্রবেশপত্র** ও চয়েস ফরমের প্রিন্ট আউটের মূলকপি ।

২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূলকপি ও এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অথবা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের মূল রশিদ ও পূর্ণাঙ্গ ভর্তির রশিদ।

ভর্তির জন্য শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয়াদি:

ক) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সংবলিত মূল প্রবেশপত্র দেখিয়ে ডিন অফিস থেকে ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের ফটোকপি এবং চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপিসহ ফরমের যথাস্থানে এক কপি সাম্প্রতিক তোলা রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-স্লিপ সংশ্লিষ্ট ডিন অফিসে জমা দিতে হবে।

খ) ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট (অথবা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের মূল রশিদ ও পূর্ণাঙ্গ ভর্তির রশিদ) ও রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূলকপিসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের নিকট কাগজ-পত্র নিরীক্ষার জন্য উপস্থিত হতে হবে।

গ) ভর্তির সময় শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট খামে ঢুকিয়ে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে (অথবা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের মূল রশিদ ও পূর্ণাঙ্গ ভর্তির রশিদ)। **খামের উপরে অবশ্যই শিক্ষার্থীর নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, মেধাক্রম ও মোবাইল ফোন নম্বর লিখতে হবে।**

ঘ) **কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।**

ঙ) ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার এক শত পঞ্চাশ) টাকা। তবে যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে GST গুচ্ছভুক্ত অন্য কোন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিত করেছে তারা ১০,১৫০/- (দশ হাজার এক শত পঞ্চাশ) টাকা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করবে। উল্লেখ্য যে, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য তদ্‌সঙ্গে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে (২০০০ থেকে ২৫০০/-)।

১৩/০১/২৫

রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

চ) বিভাগ উন্নয়ন ফি নিজ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

** **বি.দ্র:** যে সকল শিক্ষার্থীর মূল কাগজ-পত্র GST গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে জমা রয়েছে সে সকল শিক্ষার্থীদের অবশ্যই ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে মূল কাগজ-পত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদান করতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

১৩/১/২৫

মো. মনিরুল ইসলাম
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪৪৬৩

তারিখ: ২৯ পৌষ ১৪৩১ / ১৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। নথি/মহানথি।

১৩/০১/২০২৫

মোঃ মিলন
ডেপুটি রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়